



করোনাবিহীন জবা রানী রায়

করোনাভাইরাস প্রতিরোধে মানুষকে সচেতন করতে নিরলস কাজ করে চলেছেন জবা রানী রায়। রংপুরের গঙ্গাচড়া উপজেলার নোহালী ইউনিয়নের পূর্বচুয়া গ্রাম উন্নয়ন দলের সদস্য ও ইযুথ লিডার জবা তার গ্রামের ৩০ জন মানুষকে শারীরিক দূরত্ব বজায় রেখে দাঁড় করিয়ে হাত ধোয়ার কৌশল শেখান। পূর্বকচুয়া গ্রাম উন্নয়ন দলের উদ্যোগে জবা রানীর নেতৃত্বে গ্রামের অস্থল দরিত্র ২৫টি পরিবারের মাঝে একটি করে সাবান বিতরণ করা হয়। গ্রামের নিরক্ষর ১২ জন নারীকে লিফলেটে বর্ণিত সচেতনতামূলক বার্তা পড়ে শোনানো হয়। ঘনঘন সাবান পানি দিয়ে হাত ধোয়া, বাইরে গেলে মাস্ক পরা, কমপক্ষে তিন ফুট দূরত্ব বজায় রেখে চলাফেরা করার বার্তাসহ বিভিন্ন ধরনের



সচেতনতামূলক বার্তা প্রচার অব্যাহত রেখেছেন। এছাড়াও গত ২৫ জুলাই তিনি করোনা প্রতিরোধ করতে পুষ্টিকর খাদ্য নিশ্চিতকরণের গুরুত্ব তুলে ধরে গ্রামের নারীদের সবজি চাষে উদ্বুদ্ধ করতে উঠান বৈঠক পরিচালনা করেন।

স্বাস্থ্য সচেতনতায় প্রচারণা

ইযুথ এন্ডিং হাঙ্গার বরিশাল অঞ্চলের ইযুথ লিডাররা কোরবানির বর্জ্য অপসারণ এবং পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে অনলাইন প্রচারণা কার্যক্রম পরিচালনা করেন। যথার্থভাবে পরিচ্ছন্নতা রক্ষায় করণীয় এবং বর্জনীয় বিষয়গুলো উল্লেখ করে তারা সামাজিক মাধ্যমে ডিজিটাল পোস্টার ছড়িয়ে দেন। এছাড়াও তারা স্বাস্থ্যবিধি মেনে জামায়াতে পবিত্র ঈদ-উল-আযহার নামাজ আদায়ের ক্ষেত্রে যেসকল বিষয়ে সচেতন থাকা উচিত সে সম্পর্কেও বার্তা প্রচার করেন। বরিশাল অঞ্চলের পাঁচটি জেলার প্রায় ২৫০ জন ইযুথ লিডার এই অনলাইন প্রচারণায় অংশ নেন।

বাবুগঞ্জ মানবিক সহায়তা

বর্তমানে করোনা মহামারী এবং বন্যার কারণে সংকটগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছেন বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নের ইযুথ এন্ডিং হাঙ্গারের সদস্যরা। ব্যক্তিগত চাঁদা এবং স্থানীয় মানুষের সহায়তায় ইযুথ লিডার আবিদ আল সাকিবের উদ্যোগে ৬০টি পরিবারের মাঝে গত সপ্তাহে আটা ও চিড়া বিতরণ করা হয়।



মাস্ক ও জীবাণুনাশক বিতরণ

বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার মাধবপাশায় করোনা ভাইরাস বিস্তারোধে ইযুথ এন্ডিং হাঙ্গার মাধবপাশা ইউনিয়ন ইউনিটের সদস্যরা মাধবপাশা



বাজারে মাস্ক ছাড়া বাজারে আসা প্রায় ১০০ জন মানুষকে মাস্ক প্রদান করেছেন। পাশাপাশি তারা মাস্ক ব্যবহারের গুরুত্ব তুলে ধরে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। তাদের দ্বারা অনুপ্রাণিত হয়ে সকলেই পরবর্তীতে নিয়মিত মাস্ক ব্যবহারের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

এছাড়াও করোনাভাইরাস থেকে যাত্রীদের সুরক্ষিত রাখতে ১০ জন অটোরিক্সা চালককে জীবাণুনাশক এবং স্প্রে করার বোতল বিতরণ করেছেন ইযুথ এন্ডিং হাঙ্গার মাধবপাশা ইউনিয়ন ইউনিটের স্বেচ্ছাব্রতী সদস্যরা।

গঙ্গাচড়ার মানবিক তারুণ্য

মানবিক তারুণ্যের এক অনন্য নজির স্থাপন করলেন রংপুরের গঙ্গাচড়ার তারুণেরা। গত ৮ আগস্ট ইযুথ এন্ডিং হাঙ্গার-এর তারুণ স্বেচ্ছাব্রতীরা মানবিক সহায়তা নিয়ে বন্যা ও করোনায় ক্ষতিগ্রস্ত দরিদ্র মানুষের পাশে দাঁড়ান। উপজেলার কোলকোন্দ ও লক্ষ্মীটারী ইউনিয়নের ১৫০টি পরিবারের মাঝে তারা চিড়া, চিনি, বিস্কুট এবং খাবার স্যালাইন বিতরণ করেন। এলাকার সমাজসেবীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে তারা এই মানবিক কার্যক্রম পরিচালনা করেন। এই কাজে যাতায়াতের জন্য নৌকা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করেন কোলকোন্দ ও লক্ষ্মীটারী ইউনিয়নের চেয়ারম্যান যথাক্রমে মোঃ সোহরাব আলী (রাজু) এবং মোঃ আব্দুল্লাহ আল হাদী। ত্রাণ



বিতরণের সময় উপস্থিত ছিলেন লক্ষ্মীটারী ইউপি সদস্য মোঃ মোম্মাফ ও কোলকোন্দ ইউপি সদস্য মোঃ নূরন নবী ভূট্টু।

এই মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করেন ইযুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় ইযুথ লিডার শেখ রবিউল ইসলাম, সুমন, রানু মিয়া, রায়হান কবির, নওরিন আক্তার, দেলোয়ার, প্রান্ত কুমার, মিলাত, মনিষা, ঋতু, ফরিদুল, গোপাল, লিখন, মাসুম, মেরাজ, পলক এবং দীপক।

কার্যক্রম পরিচালনার সময় উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন সূজন-সুশাসনের জন্য নাগরিক-এর সদস্য খাদেমুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্ট-এর ইউনিয়ন সমন্বয়কারী নূর আমিন এবং উপজেলা সমন্বয়কারী মোঃ শামসুদ্দীন প্রমুখ। উল্লেখ্য, রংপুর জেলার দারিদ্রপীড়িত ও বন্যাগ্রবণ উপজেলা গঙ্গাচড়ায় তুণমূলের মানুষের পাশে থেকে করোনাভাইরাস প্রতিরোধসহ সামগ্রিক সামাজিক উন্নয়নে নানাবিধ কাজ করে চলেছেন ইযুথ এন্ডিং হাঙ্গারের সদস্য ইযুথ লিডাররা।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইযুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

✉ yeh.bd@thp.org

🌐 yeh.thpb.org | thpb.org

📘 facebook.com/YEHBD

📍 হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
☎ ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

